ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৯৫
আগরতলা, ২ আগস্ট, ২০২৫

## সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের নিয়ে কর্মশালা




আসন্ন ভোটার তালিকার সংশোধনের প্রক্রিয়াকে সুচারুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তর রাজ্যের ৬০টি নির্বাচন ক্ষেত্রের ১২০ জন সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের (এইআরও) নিয়ে দু দফায় কর্মশালার আয়োজন করেছে। গত ২২ জুলাই আগরতলার প্রজ্ঞাভবনে, প্রথম দফায় ৬০ জন সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের নিয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল। দ্বিতীয় দফায় আজ ৬০ জন সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের নিয়ে প্রজ্ঞাভবনে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়।

এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হল ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সংশ্লিষ্ট আইনি বিধান সম্পর্কে অবগত করা। এই লক্ষ্যে নির্বাচন কমিশন প্রতিনিয়ত বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। তিনি আরও বলেন, এ ধরণের কর্মশালার উদ্দেশ্য হল নির্বাচন সংক্রান্ত সমস্ত ধরণের নিয়ম কানুন সম্বন্ধে এইআরও-রা যেন পরবর্তী সময়ে বিএলও সহ নির্বাচনের কাজের সাথে যুক্ত অন্যান্য কর্মীদের প্রশিক্ষিত করেন। নির্ভুল ভোটার তালিকা প্রণয়নে এইআরও-দের ভূমিকা এবং এই সংক্রান্ত সমস্ত নিয়ম কানুন সম্পর্কে ভালোভাবে অবগত হওয়ার জন্য তিনি এইআরও-দের প্রতি আহ্বান জানান। কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ জে মগ। নির্বাচন দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

******